দৈনিক খবর

তারিখ 04 NOV 1988
পৃষ্ঠা ... কলাম ...

# ইসলামী বিশ্ববিদ্যালয় ও আইন বিভাগ

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ১৯৮৭-৮৮ সেশনে সর্বমোট ৬৪ জন ছাত্র নিয়ে আইনও শরীয়া বিভাগ (এলএলবি) অনার্স নামে একটি বিভাগ খোলা হয়েছে। দীর্ঘ এক বছর অতিবাহিত হওয়ার পর বর্তমানে দু'টি ব্যাচ এ বিভাগে অধ্যয়ন করছে। কিন্তু অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে মাত্র দু'জন শিক্ষকের মাধ্যমে প্রথম বর্ষের প্রথম ব্যাচ ২য় বর্ষে উত্তীর্ণ হলেও আজ পর্যন্ত কোন নতুন শিক্ষক নিয়োগ করা হয়নি। মাত্র দু'জন শিক্ষককে দিয়ে বর্তমানে ১ম ও ২য় বর্ষের ক্লাস চালানো হচ্ছে।

এ' ছাড়াও আইনের পর্যাপ্ত বই-লাইব্রেরীতে নেই এখানে উল্লেখ্য যে, আইন বিভাগের বর্তমানে কোন চেয়ারম্যান নেই। যিনি ছিলেন তিনি দীর্ঘ এক বছর যাবৎ দেশের বাইরে আছেন একজন ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে দিয়ে ডিপার্টমেন্ট চালানো হচ্ছে। যার দরুন অনেক ছাত্র এই বিভাগে ভর্তি হওয়ার পরও বিভিন্ন জায়গায় চলে যাচ্ছে। তাই এই বিভাগের ভবিষ্যৎ চিন্তা করে নতুন শিক্ষক এবং পর্যাপ্ত পরিমাণ বই সংগ্রহ করা দরকার। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আমাদের আকুল আবেদন সমস্যায় জর্জরিত এই বিভাগের প্রতি একটু নজরদিন।

সৈয়দ মহসিন আহমদ
স্নাতক সম্মান ২য় বর্ষ (আইন)
ইসলামীবিশ্ববিদ্যালয়
গাজীপুর।